

## Emami's factory

### ইমামির কারখানা

গুয়াহাটিতে নতুন কারখানা গড়ছে ইমামি। এ জন্য ৩০০ কোটি টাকা লগ্নি করবে তারা। চলতি অর্থবর্ষেই কারখানায় উৎপাদন শুরু হবে বলে আশা প্রকাশ করেছে ভোগ্যপণ্য সংস্থাটি। এ দিকে, বৃহস্পতিবার আর্থিক ফলাফল প্রকাশ করে ইমামি জানিয়েছে, চতুর্থ ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ) ২১.২% বিক্রি বেড়েছে তাদের। দাঁড়িয়েছে ৬৭১ কোটি টাকা। আর পুরো অর্থবর্ষে তা ১৮.৩% বেড়ে হয়েছে ২,৬২৪ কোটি। তবে কেশ কিং ব্র্যান্ড অধিগ্রহণের জেরে গত অর্থবর্ষে মার খেয়েছে অন্যরা।